
JA 2001




*ইনকিলাব ঃ অবিলম্বে স্কুল ছাত্রদের হাতে পাঠ্যপুস্তক সরবরাহের দাবীতে ইসলামী ছাত্র শিবির গতকাল নগরীতে বিক্ষোভ মিছিল করে*

# পাঠ্যপুস্তক কেলেংকারিতে— জড়িতদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা নিন ছাত্র শিবির

**স্টাফ রিপোর্টার ঃ** প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষাস্তরে পাঠ্যপুস্তক কেলেংকারির প্রতিবাদে ইসলামী ছাত্র শিবির গতকাল (বুধবার) রাজধানীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। সমাবেশে শিবির নেতৃবৃন্দ বলেন, বর্তমান আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর থেকেই দেশের শিক্ষা ব্যবস্থাসহ সকল অবকাঠামো ধ্বংসের হীন চক্রান্ত চালিয়ে যাচ্ছে। যার সর্বশেষ নমুনা হচ্ছে দেশের লক্ষ লক্ষ স্কুল ছাত্রছাত্রীদের শিক্ষার অধিকার থেকে বঞ্চিত করার নিমিত্তে বছরের শুরুতেই শিক্ষার্থীদের হাতে পাঠ্যপুস্তক না পৌঁছানো। নেতৃবৃন্দ পাঠ্যপুস্তক কেলেংকারির ঘটনায় জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি গ্রহণের দাবী জানিয়ে অবিলম্বে স্কুল ছাত্রছাত্রীদের পাঠ্যবই সরবরাহের দাবী জানান।

শিবিরের নবনির্বাচিত সভাপতি নূরুল ইসলাম বুলবুলের সভাপতিত্বে পল্টন মোড়ে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সেক্রেটারী জেনারেল নজরুল ইসলাম, অফিস সম্পাদক লুৎফুর রহমান, ঢাকা মহানগরী (দক্ষিণ) সভাপতি আসম ফারুক, উত্তর সভাপতি আমিনুল ইসলাম, আশরাফ মাহমুদ উজ্জ্বল। ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা সভাপতি এফকেএম শাহজাহান, আলমগীর হাসান রাজু। সমাবেশের পরে শিবিরের একটি বিক্ষোভ মিছিল বিজয় নগর; পুরানো পল্টন মোড়, প্রেস ক্লাব, তোপখানা রোড হয়ে দৈনিক বাংলার মোড়ে এসে শেষ হয়।